যুগান্তর

তারিখ 18 DEC 2015
পৃষ্ঠা ... কলাম ...

# জাতীয় স্কেলে বেতন চান স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষকরা

যুগান্তর রিপোর্ট

জাতীয় স্কেলে বেতন দাবি করেছেন স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষকরা। এ উপলক্ষে বৃহস্পতিবার এক সংবাদ সম্মেলন করেছে বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষক সমিতি। তারা সরকারকে আলটিমেটাম দিয়ে বলেছে, আগামী ৩০ ডিসেম্বরের মধ্যে দাবি মেনে না নিলে ৩ জানুয়ারি থেকে বিভিন্ন কর্মসূচি পালন করা হবে। ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) আয়োজিত এ সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সমিতির সভাপতি কাজী রুহুল আমিন চৌধুরী, মহাসচিব কাজী মোখলেছুর রহমান, সিনিয়র সহসভাপতি নজরুল ইসলাম হিরন, প্রধান উপদেষ্টা সাগর আহমেদ শাহীন প্রমুখ।

মহাসচিব বলেন, মাদ্রাসা শিক্ষার প্রাথমিক স্তর হল ইবতেদায়ি মাদ্রাসা। ১৯৯৪ সালে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের লক্ষ্যে বেসরকারি প্রাইমারি স্কুলের সঙ্গে ইবতেদায়ি শিক্ষকদের বেতন-ভাতাও একই পরিপত্রে ঘোষণা করে সরকার। এরপর প্রাইমারি শিক্ষকদের বেতন ধাপে ধাপে বাড়ানো হয়। সর্বশেষ ২০১৩ সালে ২৬ হাজারের বেশি স্কুলকে জাতীয়করণ করা হয়। কিন্তু ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষকরা এখন দুর্বিষহ জীবনযাপন করছেন। দেশে ৭ হাজার স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা ছিল। বন্ধ হতে হতে এখন ১ হাজার ৫১৯টি অবশিষ্ট আছে। দু'বছর আগে এসব মাদ্রাসার শিক্ষকদের বেতন ৫০০ থেকে বাড়িয়ে ১ হাজার টাকা করা হয়েছে। কিন্তু এতে জীবন চলে না। এ অবস্থায় নতুন পে-স্কেলের অধীনে এসব শিক্ষকের বেতন-ভাতা দিতে হবে। দাবি আদায়ের লক্ষ্যে চার দিনের কর্মসূচি ঘোষণা করেন শিক্ষকরা। কর্মসূচিগুলো হচ্ছে : ৩ জানুয়ারি দেশের সব জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে মানববন্ধন ও জেলা প্রশাসকের মাধ্যমে শিক্ষামন্ত্রী বরাবর স্মারকলিপি, ১০ ফেব্রুয়ারি ঢাকায় শিক্ষক সমাবেশ ও মানববন্ধন, ১১ ফেব্রুয়ারি বিক্ষোভ মিছিল ও শিক্ষামন্ত্রীকে স্মারকলিপি এবং ১২ ফেব্রুয়ারি বিক্ষোভ মিছিল ও প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি পেশ।